

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং- ২০

তারিখঃ ০৫ মে, ২০১৪

বাংলাদেশে বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিদেশ গমনেচ্ছু শিক্ষার্থীদের অনুকূলে ট্রানজিট ব্যয় বাবদ
বৈদেশিক মুদ্রা ছাড়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, খন্ড-১ (২০০৯), অধ্যায় ১১ এর অনুচ্ছেদ নং ১০(বি)(এ) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে। উক্ত অনুচ্ছেদে সকল অনুমোদিত ডিলার ব্যাংককে পড়ালেখার উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু শিক্ষার্থীদের অনুকূলে ট্রানজিট ব্যয় বাবদ অনুধর্ম ২০০ মার্কিন ডলার বা এর সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ছাড়করণের অনুমোদন দেয়া হয়েছে।

০২। এক্ষেপে উল্লিখিত ট্রানজিট ব্যয় সীমা ২০০ মার্কিন ডলার হতে ৫০০ মার্কিন ডলারে উন্নীত/বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে উপরোল্লিখিত অনুচ্ছেদের অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২